JUN. 24 2002

দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ...৭... কলাম ...৬...

## মাধ্যমিক স্কুল ম্যানেজিং কমিটি গঠনের ম্যানুয়েল সংশোধনের আবেদন

আমাদের দেশে মাধ্যমিক স্কুল ম্যানেজিং কমিটি গঠনের জন্য যে ম্যানুয়েল আছে, তা যুগোপযোগী নয়। বর্তমান সময়ের প্রেক্ষাপটে তা সংশোধন করা আবশ্যক। এ প্রসঙ্গে বলা যায়:

১. কমিটিতে কোন মহিলা সদস্য অন্তর্ভুক্ত করার বাধ্যবাধকতা নেই। চারজন অভিভাবক-প্রতিনিধির স্থলে দু'জন অভিভাবক নির্ধারণপূর্বক দু'জন মহিলা অন্তর্ভুক্ত করা প্রয়োজন। উল্লেখ্য, বর্তমানে নারীশিক্ষার অগ্রগতির যুগে তাদের নিজস্ব অভাব-অভিযোগ শ্রবণের জন্য কমিটিতে কোন প্রতিনিধি নেই। শিক্ষানুরাগী ক্যাটাগারিতে মহিলা কোটা থাকা আবশ্যক।

২. একজন সভাপতি পরপর কতবার নির্বাচিত/ মনোনীত হতে পারবেন, তার স্পষ্ট বিধিমালা থাকা প্রয়োজন। এমন নজিরও রয়েছে, বছরের পর বছর একই ব্যক্তি সভাপতি নির্বাচিত/ মনোনীত হচ্ছেন। যা শিক্ষা প্রতিষ্ঠানের যথাযথ উন্নয়নের পথে অন্তরায় হয়ে দাঁড়ায়। বিষয়টি সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

মোঃ নজমুল হুদা তালুকদার,
গ্রাম ও ডাকঘর: ধরমপাশা,
জেলা: সুনামগঞ্জ ২৪৫০।